

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৭

খোয়াই, ২০ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**খোয়াই মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের মহড়া**

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন উপলক্ষে গত ১৮ এপ্রিল খোয়াই মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের তৃতীয় পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বালক বিদ্যালয়ে অনুষ্ঠিত এই মহড়ায় মহকুমার ১৬৩টি ভোটগ্রহণ কর্মী দলের প্রিসাইডিং অফিসার, ফাস্ট পোলিং অফিসার, সেকেন্ড পোলিং অফিসার, থার্ড পোলিং অফিসার ও গ্রুপ-ডি কর্মীগণ অংশ নেন। মহড়ায় ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন ডিসিএম দীপঙ্কর সরকার ও মাস্টার ট্রেনারগণ। মহড়ায় উপস্থিত ছিলেন মহকুমা শাসক মেঘা জৈন।

\*\*\*\*\*